গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উপজেলা কমিটির প্রস্তুতি সভার কার্য বিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আলহাজ্ব রফিক উদ্দিন ঠাকুর<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| তারিখ | ঃ | ০৪/১২/২০১৯ খ্রিঃ, রোজ বুধবার, বিকাল ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া |

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট' ক' সন্নিবেশিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সম্পাদক, উপজেলা আন্তঃ স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া এর ৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি সংক্রান্ত মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত পত্রটি পাঠ করে শুনান। আলোচ্যসূচী মোতাবেক প্রথমে ৪৮তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন খেলাধুলার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বিস্তারিত আলোচনাক্রমে ৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় উপজেলা পর্যায়ে অনুষ্ঠানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

-ফিকচার -

| ইভেন্টের নাম | তারিখ ও সময় | ভেন্যুর নাম |
|---|---|---|
| ভলিবল ও ব্যাডমিন্টন (ছাত্র) | ২২/১২/২০১৯ খ্রিঃ রবিবার সকাল - ০৯:৩০টা | সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় |
| ভলিবল ও ব্যাডমিন্টন (ছাত্রী) | ২২/১২/২০১৯ খ্রিঃ রবিবার সকাল - ০৯:৩০টা | সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় |
| ক্রিকেট (ছাত্র) | ২৩/১২/২০১৯ খ্রিঃ সোমবার সকাল - ০৯:৩০টা | সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় |
| ক্রিকেট (ছাত্রী) | ২৩/১২/২০১৯ খ্রিঃ সোমবার সকাল - ১০:০০টা | সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় |
| অ্যাথলেটিক্স (ছাত্র ও ছাত্রী) দড়িলাফ ইভেন্টসহ এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান | ২৬/১২/২০১৯ খ্রিঃ বৃহস্পতিবার অ্যাথলেটিক্স সকাল ৯:৩০টা এবং পুরস্কার বিতরণী ও সমাপণি অনুষ্ঠান বিকাল ২:৩০ট । | সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় |

২। খেলাধুলায় সকল বিধিবিধান গঠণতন্ত্র অনুযায়ী অনুসরন করা হবে। অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় প্রতিষ্ঠান পর্যায়ে প্রতি ইভেন্টে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারীকে উপজেলা পর্যায়ে অংশগ্রহনের সুযোগ দেওয়া হবে। সকল দলীয় খেলা নির্ধারিত সময়ে উপস্থিতির উপর ভিত্তি করে তাৎক্ষণিকভাবে লটারীর মাধ্যমে ফিকচার তৈরী করে খেলাধুলা পরিচালনা করা হবে। এ্যাথলেটিক্স প্রতিযোগিতায় বালক ছোট (৪ফুট ৯ইঞ্চি) ও বালক মধ্যম (৫ফুট ৩ইঞ্চি) এবং তদুর্ধ্ব উচ্চতার বালক বড় দল হিসেবে গণ্য হবে। বালকদের এ্যাথলেটিক্স ০৩টি গ্রুপে অনুষ্ঠিত হবে এবং বালিকাদের দুটি গ্রুপে অনুষ্ঠিত হবে। বালিকা মধ্যম (৪ফুট ১০ ইঞ্চি) এবং তদুর্ধ্ব বালিকা বড় দল হিসেবে গণ্য হবে। বালক/বালিকা মধ্যম ৮ম শ্রেণি পর্যন্ত বয়স ১৪ বছর এবং তদুর্ধ্ব (অনুর্ধ ১৭ বছর) শ্রেণির বালক/বালিকা বড় দল হিসেবে গণ্য হবে। ৮ম শ্রেণি পর্যন্ত (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতায় অংশ গ্রহন করার সময় প্রাথমিক সমাপনী পরীক্ষার মূল প্রবেশপত্র ও সার্টিফিকেট প্রদর্শন করতে হবে। ৯ম ও ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জেএসসি/ জেডিসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড প্রবেশপত্র ও সার্টিফিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় প্রদর্শন করতে হবে। সকল প্রতিযোগিতার ক্ষেত্রে পরিশিষ্ট-ক,ঘ,ঙ এবং দলীয় খেলায় ৮X১০ সাইজের রঙিন ছবির উপর খেলোয়াড়ের ক্রমিক নং এবং পিছনে খেলোয়াড়ের নাম ও স্বাক্ষর নিচে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে এবং এ্যাথলেটিক্স খেলায় পাসপোর্ট সাইজের রঙিন ছবির পিছনে নাম এবং সত্যায়ন পূর্বক ০৩(তিন) সেট জমা দিতে হবে।
উল্লেখ্য যে, ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখ এ্যাথলেটিক্স প্রতিযোগিতা শেষে বিকাল ২:৩০ ঘটিকায় পুরস্কার বিতরণী ও সমাপণি অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এছাড়া শিক্ষার্থীগণ স্ব-স্ব প্রতিষ্ঠানের নির্ধারিত স্কুল ড্রেস পরিধান করে আসতে হবে।

৩। **ফি নির্ধারণ** ঃ (ক) মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসা ২০০০/- (দুই হাজার) টাকা এবং (খ) নিম্ন মাধ্যমিক ও কারিগরি বিদ্যালয় ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা হারে ক্রীড়া ফি আগামী **১৫/১২/২০১৯** খ্রিঃ তারিখের মধ্যে সম্পাদকের কার্যালয়ে জমা প্রদান পূর্বক মূল রশিদ সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

৪। **খেলাধুলা পরিচালনার জন্য নিম্ন লিখিত উপ- কমিটি গঠন করা হলো ঃ-**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ আলী, প্রধান শিক্ষক, শাহবাজপুর বহুমূখী উচ্চ বিদ্যালয়<br>(সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় ভেন্যুতে দায়িত্বপ্রাপ্ত) | ঃ | আহবায়ক |
| (২) | জনাব মুহাম্মদ মুসা মিঞা, ক্রীড়া শিক্ষক, সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৩) | জনাব কৃষ্ণ দুলাল চৌধুরী, সহঃ শিক্ষক, দেওড়া আদর্শ উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৪) | জনাব সাইদুল বাসার, ক্রীড়া শিক্ষক, অরুয়াইল বহুমুখী উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৫) | জনাব সফিউল আলম, সহঃ শিক্ষক, পানিশ্বর মাদিনিয়া গাউছিয়া দাখিল মাদ্রাসা | ঃ | সদস্য |
| (৬) | জনাব মোঃ নূরুল আমিন, ক্রীড়া শিক্ষক, কুট্টাপাড়া উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৭) | জনাব এস এম ফরিদ, সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, সরাইল | ঃ | সদস্য |
| (৮) | জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্ম সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, সরাইল | ঃ | সদস্য |

(সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ভেন্যুতে দায়িত্বপ্রাপ্ত)

| | | | |
|---|---|---|---|
| (৯) | জনাব মোসাহেদ উল্লাহ, ক্রীড়া শিক্ষক (দায়িত্বপ্রাপ্ত), সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (১০) | জনাব মোঃ আবু নাসের, ক্রীড়া শিক্ষক, সরাইল সদর উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (১১) | জনাব মোঃ জসিম উদ্দিন, ক্রীড়া শিক্ষক, কালিকচ্ছ পাঠশালা উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (১২) | জনাব মোঃ মনিরুল ইসলাম, সহঃ শিক্ষক, বেড়তলা উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (১৩) | জনাব কাজী মাসুম, ক্রীড়া শিক্ষক, শাহবাজপুর বহুমূখী উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |

এ ছাড়া সকল প্রতিষ্ঠানের ক্রিড়া শিক্ষকগণ ফিকচার অনুযায়ী ভেন্যুতে উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

৫। **পুরস্কার ক্রয় ও ব্যয় উপ-কমিটি ঃ-**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আইয়ুব খান, প্রধান শিক্ষক, সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় | ঃ | আহবায়ক |
| (২) | জনাব মোহাম্মদ আলী, প্রধান শিক্ষক, শাহবাজপুর বহুমূখী উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৩) | জনাব শেখ সাদী, প্রধান শিক্ষক, অরুয়াইল বহুমূখী উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৪) | জনাব মোঃ খোরশেদ আলম, প্রধান শিক্ষক, কুট্টাপাড়া উচ্চ বিদ্যালয় | ঃ | সদস্য |
| (৫) | জনাব মুহাম্মদ মুসা মিঞা, সহ সম্পাদক, উপজেলা আন্তঃস্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি | ঃ | সদস্য |
| (৬) | জনাব মোঃ আবুল হাসেম ভূঁইয়া, অফিস সহকারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সরাইল | ঃ | সদস্য |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আলহাজ্ব রফিক উদ্দিন ঠাকুন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা আন্তঃ স্কুল,মাদরাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৪/১২/১৮

স্মারক নং- উমাশিঅ/সরাইল/শীতকালীনক্রীড়া/২০১৯/ ৪৪৭ (৩০)

তারিখ ঃ ০৪/১২/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। প্রধান শিক্ষক/ সুপার (সকল),........................................................ বিদ্যালয়/ মাদ্রাসা
০৬। জনাব .......................................................
০৭। অফিস কপি।

৪/১২/১৮

(সহিদ খালিদ জামিল খান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সম্পাদক
উপজেলা আন্তঃ স্কুল,মাদরাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৪/১২/১৮